

২৫

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 19 JUL 1993 ...

পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ১ ...

কৃষি বিশ্ববিদ্যালয় : গত
২৯শে জুন বাংলাদেশ কৃষি বিশ্ব-
বিদ্যালয়ের ১৯৯৩-৯৪ অর্থবছরের
৩১ কোটি ১৪ লক্ষ ৭৩ হাজার
টাকার বাজেট ঘোষণা করা হই-
য়াছে। ইহার পরিপ্রেক্ষিতে বিশ্ব-
বিদ্যালয় মঞ্জুরী কমিশন ৬ কোটি
৯৪ লাখ ৭৩ হাজার টাকা যাচাই
রাখিয়া ২৪ কোটি ২০ লাখ টাকা
বাজেট ধার্য করিয়াছে। ডাইস-
চ্যান্সেলর প্রফেসর মোঃ আশরাফ
আলী খানের সভাপতিত্বে ফিন্যান্স
কমিটির এক সভায় এ বাজেট
ঘোষণা করা হয়।

১৯৯২-৯৩ অর্থ বছরের সং-
শোধিত চাহিদা বরাদ্দ ধার্যকৃত ২৭
কোটি ৬৯ লাখ ৪০ হাজার টাকার
বিপরীতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী
কমিশন মাত্র ২৪ কোটি ২০
লাখ টাকা বরাদ্দ করিয়াছিলেন।
উল্লেখ্য যে, গত অর্থ বছরেও
৩ কোটি ৪৪ লাখ ৪০ হাজার
টাকা যাচাই ছিল। সভায় বলা
হয়, ন্যূনতম চাহিদা অনুযায়ী
সংশোধিত পুনর্বিন্যস্ত বাজেট
যাচাইয়ের সম্মুখীন।